

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৯৮.১৮.৩৮

তারিখ: ৭ জুলাই ১৪২৫

বিষয়: রিট পিটিশন নং-২৭৪৯/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে (প্রমাণকসহ) তথ্য প্রেরণ।

২১ মার্চ ২০১৯

- সূত্র: (১) হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৪.০৩.২০১৯ খ্রি:।
(২) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, আইন কোষ-১ এর স্মারক নং-০৭.০০.০০০০.০৮৭.০৪.০৪১.১৮-৩৫৪, তারিখ: ২৪.০৪.২০১৮ খ্রি:।
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, আইন শাখা-১ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৯৮.১৮-৪১৩, তারিখ: ৩০.১০.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আবদুল ওয়াহাব, পিতা- শাহ ওমার, মাতা- মিস. শাকেয়া খাতুন, গ্রাম- রহিমপুর, ডাক-গয়েশপুর, থানা-পাবনা সদর, শিক্ষক, ইসলামপুর শাহ কামালিয়া দাখিল মাদরাসা, ইনভেন্ট্রি নং-৩৮৩৬২৯ এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৭৪৯/২০১৮ দায়ের করা হয়েছে।

০২. উক্ত রিট পিটিশন নং-২৭৪৯/২০১৮ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৯ নং রেসপনডেন্টসহ মোট ১১ (এগার) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৩. প্রাথমিক বিদ্যালয় এবং এবতেদায়ী মাদরাসায় কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা এবং অন্যান্য সুবিধা পাওয়ার ক্ষেত্রে বৈষম্যের বিষয়ে মামলাটি দায়ের করা হয়েছে এবং মামলার অর্জিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ধারা: ২৭, ২৮, ২৯ এবং ৩১ লঙ্ঘন হয়েছে মর্মে উল্লেখ করে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৮৭ তারিখ ২৪ মার্চ ২০১৩ খ্রীষ্টাব্দ বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালা-কে চ্যালেঞ্জ করা হয়েছে।

০৪. সূত্র-২ নং স্মারক মূলে মন্ত্রী পরিষদ বিভাগের জারিকৃত স্মারক নং-০৪.১১১.০৩৫.০০.০০২.২০১০-৪২, তারিখ: ০৮.০৪.২০১২ খ্রি: অনুসরণক্রমে উপরিউক্ত রিট মামলা বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৫. গত ২৯.১০.২০১৮ খ্রি: তারিখে অ্যাটোর্নি জেনারেল এর অফিস থেকে একটি ফ্যাক্স বার্তা পাওয়া যায়, যার নম্বর-৯৫৬১৫৬৮ তারিখ: ২৯.১০.২০১৮ খ্রি:। ডেপুটি অ্যাটোর্নি জেনারেল (অমিত তালুকদার) স্বাক্ষরিত ফ্যাক্স বার্তাটির মাধ্যমে উক্ত রিট পিটিশন নং-২৭৪৯/২০১৮ মামলা বিষয়ে প্যারাওয়াইজ জবাব, ওকালতনামা, অথরাইজেশন লেটার, সংশ্লিষ্ট ডকুমেন্টস/তথ্য চাওয়া হয়। এর প্রেক্ষিতে ৩০.১০.২০১৮ খ্রি: তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, আইন শাখা-১ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৯৮.১৮-৪১৩ মূলে মামলাটিতে

সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার তাগিদ দিয়ে ফ্যাক্স বার্তাটির চাহিত তথ্য/ডকুমেন্টস প্রেরণ নিশ্চিত করে টিএমইডিকে অবহিতের জন্য মহোদয়কে পত্র প্রেরণ করা হয়। অতঃপর মামলাটি বিষয়ে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কী কী পদক্ষেপ গ্রহণ করেছে তা অদ্যাবধি টিএমইডি-কে অবহিত করা হয়নি।

০৬. এমতাবস্থায় উক্ত রিট মামলা বিষয়ে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং বর্তমানে টিএমইডির কী কী করণীয় আছে তা আগামী ১৪.০৪.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১-৩-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মন্ত্রিপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৯৮.১৮.৩৮/১(৮)

তারিখ: ৭ চৈত্র ১৪২৫
২১ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮) অফিস কপি, মাস্টার কপি

২১-৩-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)